

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পরিকল্পনা-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৪৩৯.২০১৮-১০৮

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৭  
১৬ ফেব্রুয়ারি ২০২

বিষয়: এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ সংক্রান্ত।


সূত্র: এলজিইডি’র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৩২.১৪.০৩.২০২০-৪২; তারিখ: ১৮/০১/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ৩৫১৬.০০ কোটি (তিন হাজার পঁচাত্তর কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং নভেম্বর ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ০৪/১১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। ডিসেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ২৩.৫৮% এবং আর্থিক অগ্রগতি ৬৮০.৮৪ কোটি টাকা (১৯.৩৬%)।

২। প্রকল্পের অনুমোদিত ডিপিপি’র বছরভিত্তিক বরাদ্দ বিভাজন অনুসারে এডিপি-তে বরাদ্দ না পাওয়া, বিশ্বব্যাপী করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে সৃষ্ট পরিস্থিতি মোকাবেলার নিমিত্ত সরকারের কর্মকৌশল অনুযায়ী প্রকল্পটি “নিম্ন অগ্রাধিকারভুক্ত” হওয়ায় সাময়িকভাবে ভৌত কাজের অর্থায়ন এপ্রিল ২০২০ হতে অক্টোবর ২০২০ পর্যন্ত বন্ধ রাখা, ২০১৯ সালে সংঘটিত প্রাকৃতিক দুর্যোগ যেমন: বন্যা, ঘূর্ণিঝড় ও অতি বৃষ্টির কারণে মাঠ পর্যায়ে প্রকল্পের কাজের অগ্রগতি ব্যহত হওয়া ইত্যাদি কারণে প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির প্রয়োজন। প্রকল্পটির ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির মেয়াদ বিষয়ে গতে ২৩/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটি’র সভায় সুপারিশ করা হয় (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন “গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০২ (এক) বছর অর্থাৎ নভেম্বর ২০১৮ হতে জুন ২০২১ এর পরিবর্তে নভেম্বর ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদ বৃদ্ধির বিষয়ে সম্মতি/মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: মেয়াদ বৃদ্ধির পূরণকৃত ছক ১ (এক) প্রস্থ।

  
(মুহাম্মদ আমিন শরীফ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৭৫৮০১২

ই-মেইল: [planning1.lgd@gmail.com](mailto:planning1.lgd@gmail.com)

০১। সচিব  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
শেরে বাংলা নগর, ঢাকা।  
(দৃঃ আঃ মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর)

০২। সদস্য  
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ  
পরিকল্পনা কমিশন  
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।